# আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

14 SEPTEMBER 2024 7:45—7:55 PM IST

===========================================

১) আগামী ১৯ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া অরুণোদয় প্রকল্প এবং ১৭ লক্ষ মানুষকে রেশনকার্ড প্রদান সম্পর্কে সাংসদ , বিধায়ক এবং জেলা আয়ুক্তদের সঙ্গে মুখ্যমন্ত্রীর গুরুত্বপূর্ণ বৈঠক ।

২) আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার জন্য কাছাড় ও করিমগঞ্জ জেলা প্রশাসনের কার্যকর ব্যবস্থা গ্রহণ । আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ ।

৩) রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশনের অধীন আগামী ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠেয় স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেনীর পদ এবং মেট্রিক পর্যায়ের চালকের পদের লিখিত পরীক্ষার জন্য প্রবেশ পত্র আগামী সোমবার থেকে প্রদান ।

এবং

৪) রাজ্য মন্ত্রীসভার অনিয়ন্ত্রিত জমা অর্থ এবং অবৈধ ট্রেডিং কেলেঙ্কারী সংক্রান্ত রাজ্যের বিভিন্ন পুলিশ ষ্টশনে রুজু হওয়া সব মামলার তদন্তভার সি-বি-আইকে অর্পন করার সিদ্ধান্ত।

---------------------------------------------------------------------------------

আসাম সরকার আগামী ১৯ সেপ্টেম্বর অরুণোদয় তৃতীয় পর্যায়ের প্রকল্পের অধীনে রাজ্যের ১শো ২৬টি বিধানসভা আসনের ১২ লক্ষ ৬০ হাজার নতুন হিতাধিকারীকে অর্ন্তভুক্ত করবে । এছাড়াও ওই একই দিনে ১৭ লক্ষ হিতাধিকারীকে নতুন রেশন কার্ড প্রদান করার প্রক্রিয়া শুরু করবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ কথা জানিয়ে বলেছেন যে আগামী ১৯ সেপ্টেম্বর দিনটি রাজ্যের উন্নয়নে একটি অন্যতম গুরুত্বপূর্ণ দিন হিসেবে বিবেচিত হবে । মুখ্যমন্ত্রী ভার্চুয়াল মাধ্যমে সাংসদ , বিধায়ক এবং জেলা আয়ুক্তদের এই দুটি পদক্ষেপ কার্যকর করার ক্ষেত্রে সহায়তা করার আহ্বান জানিয়েছেন । তিনি হিতাধিকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করে জেলা আয়ুক্তদের প্রত্যেক বিধানসভা এলাকায় একটি করে সভা অনুষ্ঠিত করার নির্দেশ দিয়েছেন ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সবধরণের প্রস্তুতি সম্পূর্ন করেছে । বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দির প্রায় ৭৫ হাজার ৭০৭ জন প্রার্থী এই পরীক্ষায় অবতীর্ণ হবেন । এরমধ্যে করিমগঞ্জ জেলার ১৯ হাজার১১৯ জন এবং হাইলাকান্দি জেলার ৮ হাজার ৪৯ জন প্রার্থী রয়েছেন । গতকাল কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা জানান যে প্রার্থীদের নির্ধারিত সময়ে পরীক্ষাকেন্দ্রে পৌঁছতে সহায়তা করতে আজ ও আগামীকাল হাইলাকান্দি ও করিমগঞ্জ থেকে ছটি বিশেষ ট্রেন চলাচলের ব্যাবস্থা করা হয়েছে । এছাড়া পরীক্ষার দিনে যানজট হ্রাস করতে বাজারগুলি বন্ধ থাকবে বলেও তিনি সভায় জানান ।
আসাম বিশ্ববিদ্যালয়ের ১৬টি পরীক্ষা কেন্দ্র সহ জেলার ১৪২ টি স্থানে মোট ১৫৭ টি পরীক্ষা কেন্দ্র রয়েছে । এরমধ্যে ১৯ টি কেন্দ্র স্পর্শকাতর বলে চিহ্নিত হওয়ায় প্রশাসনের পক্ষ থেকে বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । সভায় যানজট সমস্যা নিরসনে গুরুত্বপূর্ণ স্থানগুলি সহ রেল ক্রসিং এ পার্শ্ববর্তী  জেলাগুলি থেকে পুলিশ আধিকারিকদের নিয়োগ করা হবে বলে অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন আশ্বাস দেন ।

এদিকে প্রার্থীদের পরিবহনের সুবিধা প্রদান করতে এবং অতিরিক্ত ভাড়া এড়াতে প্রশাসনের পক্ষ থেকে পাঁচটি পয়েন্ট আই এস বি টি, শিলচর রেল স্টেশন ,রংপুর ,নাগাটিলা ও মেহেরপুর থেকে নির্ধারিত ভাড়ায় গাড়ী চলাচলের ব্যাবস্থা করা হয়েছে । উল্লেখ্য পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ,যেকোনো ইলেক্ট্রনিক সামগ্রী ,স্ক্যানার ,ব্লু-টুথ , ঘড়ী ,ইলেকট্রনিক পেন , পেনড্রাইভ ,ক্যালকুলেটর ইত্যাদি নিষিদ্ধ করা সহ

আগামীকাল সকাল ১০ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকবে বলেও জানানো হয়েছে ।

এদিকে করিমগঞ্জ জেলায়ও সুষ্ঠুভাবে এ ডি আর পরীক্ষা সম্পন্ন করতে এবং পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে নির্বিঘ্নে আসা যাওয়া সুনিশ্চিত করতে করিমগঞ্জ সদর চক্রের চক্র আধিকারিক করিমগঞ্জ কলেজের সম্মুখ সহ স্টেশন রোড ,ছন্তর বাজার ,পি ডব্লিউ ডি বাজার এবং পরীক্ষা কেন্দ্রগুলিতে আসা যাওয়ার রাস্তায় পাশের অস্থায়ী বাজারগুলি আগামীকাল ভোর চারটে থেকে বিকেল ৫ টা পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । পাশাপাশি নো পার্কিং জোনে কোন ধরণের যানবাহন না রাখারও নির্দেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য করিমগঞ্জ জেলার ৫টি জোনে মোট ৩৯টি পরীক্ষা কেন্দ্র রয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশনের অধীন আগামী ২৯ সেপ্টেম্বর অনুষ্ঠেয় স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেনীর পদ এবং মেট্রিক পর্যায়ের চালকের পদের লিখিত পরীক্ষার জন্য প্রবেশ পত্র আগামী সোমবার থেকে প্রদান করা হবে । এই মর্মে কমিশনের প্রকাশ করা একটি বিজ্ঞপ্তি অনুসারে আগামী সোমবার বেলা ১১টা থেকে আসাম সরকারের ওয়েবসাইট www.assam.gov.in এবং আসাম মাধ্যমিক পরিষদের ওয়েবসাইট www.site.sebaonline.org-র মাধ্যমে প্রার্থীরা প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন । লিখিত পরীক্ষার দিন প্রার্থীদের প্রবেশ পত্রের সঙ্গে আধারকার্ড , প্যানকার্ড , ড্রাইভিং লাইসেন্স , ভোটারকার্ড সহ নির্ধারিত ফটোযুক্ত পরিচয়পত্র দেখাতে হবে । কমিশন প্রবেশপত্রে সন্নিবিষ্ট থাকা নীতি-নির্দেশিকাগুলি প্রার্থীদের মেনে চলতে হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে । উল্লেখ্য যে আগামী ২৯ সেপ্টেম্বর প্রথম পর্বে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত স্নাতক তৃতীয় শ্রেনীর জন্য পরীক্ষা এবং দ্বিতীয় পর্বে দুপুর দেড়টা থেকে বিকেল ৪টা পর্যন্ত মেট্রিক পর্যায়ের চালক পদের জন্য পরীক্ষা গ্রহণ করা হবে । সংশ্লিষ্ট কতৃপক্ষের তথ্য অনুসারে স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেনীর ৪ হাজার ৫৫টি পদের জন্য ৫ লক্ষ ২৯ হাজার ৯শো জন প্রার্থী এবং চালকের ৪শো ১৮টি পদের জন্য ২ লক্ষ ৪ হাজার ৯শো ৯১ জন প্রার্থী পরীক্ষায় অবতীর্ণ হবে ।

---------------------------------------------------------------------------------------------

পদ্ম পুরস্কারের জন্য মনোনয়ন দাখিল প্রক্রিয়া আজ শেষ হচ্ছে। গত পয়লা মে থেকে এই মনোনয়ন প্রক্রিয়া শুরু হয়েছিল । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পদ্ম পুরস্কারের জন্য যোগ্য ব্যাক্তির নাম মনোনীত করতে জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছিলেন ।

সামাজিক মাধ্যমে এই আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী এই পুরস্কারের জন্য প্রচুর সংখ্যক মনোনয়ন লাভ করায় সন্তোষ প্রকাশ করেছেন । তিনি বলেন যে বিগত দশকেও সরকার অসংখ্য তৃণমূল পর্যায়ের কর্মীদের পদ্ম সম্মানে সম্মানিত করেছে । তিনি বলেন যে এই সম্মান প্রাপকদের জীবন যাত্রা অসংখ্য মানুষকে সামাজিক কর্মে উদ্বুদ্ধ করে আসছে ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করে ভারতে বাসমতী চালের রপ্তানী বৃদ্ধির উদ্দেশ্যে এই চালের মূল্য সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করার সিদ্ধান্ত নিয়েছে । বাণিজ্যিক উদ্যোগ এবং পর্যাপ্ত ঘরোয়া মজুদের প্রতি লক্ষ্য রেখে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । ঘরোয়া চালের বর্ধিত মূল্য এবং সরবরাহের কঠোর ব্যবস্থার প্রতি লক্ষ্য রেখে ২ হাজার ২৩ সালের আগষ্ট মাসে এই চালের মূল্য প্রতি মেট্রিকটনে ১২শো ডলার নির্ধারণ করা হয়েছিল । পরে , অর্থাৎ ২ হাজার ২৩ সালের অক্টোবর মাসে এই মূল্য প্রতি মেট্রিকটনে ৯শো ৫০ ডলারে অবনমিত করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------------------

আকাশবাণী গৌহাটি কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগ অস্থায়ী সংবাদদাতা পদের জন্য কাছাড় জেলা সহ বিশ্বনাথ , বজালী , ডিব্রুগড় , হোজাই , কামরূপ , পশ্চিম কার্বি-আংলং , এবং ধেমাজী জেলার প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করেছে । ইচ্ছুক প্রার্থীরা আকাশবাণীর ওয়াবসাইট www.newsonair.gov.in এ লগ-ইন করে বিস্তারিত তথ্য সহ আবেদন পত্র ডাউনলোড করতে পারবেন । প্রার্থীদের নিজ হাতে অথবা ডাক যোগে আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র সহ The Head of Office , আকাশবাণী -গৌহাটি , চান্দমারী , গৌহাটি - ৭৮১০০৩ এই ঠিকানায় আবেদন পত্র প্রেরণ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্য মন্ত্রীসভা অনিয়ন্ত্রিত জমা অর্থ এবং অবৈধ ট্রেডিং কেলেঙ্কারী সংক্রান্ত রাজ্যের বিভিন্ন পুলিশ ষ্টশনে রুজু হওয়া সব মামলার তদন্তভার সি-বি-আইকে অর্পন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । মন্ত্রীসভা একই সঙ্গে গৃহ এবং অর্থ বিভাগকে ভবিষ্যতে এ ধরণের ঘটনার পনুরাবৃত্তি রোধ করার উদ্দেশ্যে যৌথভাবে নীতি-নির্দেশিকা প্রস্তুত করার নির্দেশ দিয়েছে । সম্প্রতি অবৈধ অন-লাইন ট্রেডিং কেলেঙ্কারী সম্পর্কে বেশ কয়েকটি এজাহার রুজু হয়েছে এবং বিষয়টি নিয়ে রাজ্যের বিভিন্ন স্থানে জনসাধারণের মধ্যে উদ্বেগ সৃষ্টি হয়েছে এবং প্রতিবাদ কার্যসূচিও গ্রহণ করা হয়েছে । এ পর্যন্ত এই কেলেঙ্কারির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে ৬১ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং ২২

জনের বিরুদ্ধে লুক-আউট বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । এ ছাড়াও , এ ধরণের ঘটনার তদন্তের জন্য ১৪টি বিশেষ আদালত গঠন করা হয়েছে ।

পুলিশ সূত্রে জানানো হয়েছে যে আসামে ভারতীয় প্রতিভূতি বিনিময় বোর্ড , সেবি অথবা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ( আর বি আই )-র নীতি-নির্দেশনা পালন না করে বেশ কয়েকটি ট্রেডিং কোম্পানী কাজ-কর্ম চালিয়ে যাচ্ছে ফলে বিনিয়োগকারীরা লোকসানের সম্মুখীন হচ্ছেন । প্রবঞ্চক অন-লাইন ট্রেডিং কোম্পানীগুলি দু-মাসের মধ্যে ৩০ শতাংশ মুনাফার প্রতিশ্রুতি দিয়ে রাজ্যবাসী এবং আসামের বাইরের বিনিয়োগকারীদের প্রলোভিত করছে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দি জেলা বিচার বিভাগীয় আদালত প্রাঙ্গণেও আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয় । হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত এই লোক আদালতে বিদ্যুৎ বিল এবং ব্যাংকের ঋণ না দেওয়া গ্রাহকদের ঋণমুক্ত করতে বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে। এছাড়া মোটর দুর্ঘটনা সংক্রান্ত প্রাপ্য দাবী ট্রাইব্যুনাল (এম এ সি টি), ক্রিমিন্যাল কম্পাউন্ডেবল মামলা, এন আই এ মামলা, গার্জিয়ানশিপ মামলা  না দেওয়া গ্রাহকদেরও এই লোক আদালতে আলোচনা ও জরিমানার মাধ্যমে নিষ্পত্তি করার চেষ্টা চালানো হয়েছে ।  মোট ছ’টি বেঞ্চে এই বিচার প্রক্রিয়া চালানো হয়েছে । হাইলাকান্দি আদালত প্রাঙ্গণে থাকা সবকটি কোর্টে এই জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । এদিকে হাইলাকান্দির জেলা আইন সেবা কর্তৃপক্ষের সম্পাদক বিদ্যাব্রত আচার্য জানিয়েছেন যে- আজ অনুষ্ঠিত এই লোক আদালতে প্রায় ছ’হাজারটি মামলা নিষ্পত্তির জন্যে নথিপভুক্ত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায়ও আজ আদিবাসীদের পরম্পরাগত উৎসব করম পূজা উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালন করা হয়েছে । উল্লেখ্য- করম পূজা হচ্ছে একটি আদিবাসী উৎসব যা মূলতঃ ভারতের সাঁওতাল, মুণ্ডা, ওরাঁও এবং অন্যান্য আদিবাসী সম্প্রদায়ের মধ্যে পালন করা হয়ে থাকে । এই পূজা প্রকৃতি বিশেষ করে গাছের পূজার সঙ্গে সম্পর্কযুক্ত । করম পূজায় করম দেবতার পূজা করা হয় । এই পূজা ফসল, সম্বৃদ্ধি এবং সমাজের কল্যাণের প্রতীক হিসেবে পালন করা হয় । হাইলাকান্দি জেলায় আজ উৎসাহের সঙ্গে আদিবাসী সম্প্রদায়ের লোকজন করম পূজার আয়োজন করেছেন । জেলার সরসপুর চাবাগানের নাচঘরে পরম্পরাগত রীতিনীতি মেনে এই পূজা অনুষ্ঠিত হয়েছে । করম পূজা উপলক্ষে রাজ্য সরকার আজ বিশেষ ছুটি ঘোষণা করেছে । এর

পরিপ্রেক্ষিতে আজ হাইলাকান্দির বাগানগুলিতে আজ এক উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে । কাছাড় ও করিমগঞ্জ জেলা নিয়ে উপত্যকার অন্যান্য চাবাগানগুলিতেও উৎসাহের সঙ্গে করম পূজা পালিত হয়েছে । করম পূজাকে বিশেষ মর্যাদা প্রদানের জন্যে চাবাগানের লোকেরা আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মাকে ধন্যবাদ জানিয়েছেন বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলায় মাইনর মিনারেল ডিস্ট্রিক্ট সার্ভে রিপোর্ট প্রকাশ করা হয়েছে । জনসাধারণের পরিদর্শনের জন্য এই সার্ভে রিপোর্ট জেলার ওয়েব পোর্টাল http://hailakandi.assam.gov.in/latest এ রাখা হয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে এই সার্ভে রিপোর্ট প্রকাশ করা হয়েছে । এই রিপোর্ট সম্পর্কে জনসাধারণের মতামত, পরামর্শ, মন্তব্য ইত্যাদি আগামী ২১ দিনের মধ্যে দাখিল করতে বন আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ।

---

কাছাড়ের জেলা প্রশাসনের কার্যালয়ে স্টাফ ক্যান্টিন চালানোর জন্যে আগ্রহী ক্যাটারার অথবা ব্যক্তির কাছ থেকে দরপত্র আহ্বান করা হয়েছে । যেকোনো সরকারী প্রতিষ্ঠানে ন্যুনতম পাঁচ বছরের ক্যাটারিংয়ের কাজ করার অভিজ্ঞতা থাকা আর্থিক দিক থেকে স্থিতিশীল ক্যাটারার বা ব্যক্তিদের নির্ধারিত নীতি-নিয়মের ভিত্তিতে দরপত্র আহ্বান করা হয়েছে । আগামী ৩০শে সেপ্টেম্বর বিকেল চারটার মধ্যে এই দরপত্র কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে জমা দিতে বলা হয়েছে । এসংক্রান্ত বিস্তারিত বিবরণ কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

---

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনেল ডিস্ট্রিক্ট-৩২২ জি এর উদ্যোগে আগামী রবিবার ১৫ই সেপ্টেম্বর সকাল এগারোটা থেকে শিলচর হাইলাকান্দি রোডের আসাম প্যালেস'এ তৃতীয় লায়ন্স হাট বাজার অনুষ্ঠিত হবে । এই হাট বাজাটের ডিস্ট্রিক্ট চেয়ার পার্সন অভিষেক দাসের পরিচালনায় বরাক উপত্যকার ২৪টি লায়ন্স ক্লাব ও লিও ক্লাবের যৌথ ব্যবস্থাপনায় দুঃস্থ পরিবারগুলির মধ্যে কাপড়-চোপড় এবং নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করা হবে । এই উদ্দেশ্যে বিশেষভাবে তৈরী এক হাজার কুপন প্রস্তুত করা হয়েছে । এক হাজার পরিবারের মধ্যে এই কুপনগুলি বিতরণ করা হয়েছে ।

---